

প্রিয় পরিবারবর্গ,

আমরা একটি নজিরবিহীন সময়ে বসবাস করছি এবং কোরোনা ভাইরাসের সংক্রমণ থেকে আমাদের কমিউনিটির সবাইকে নিরাপদ এবং সুস্থ রাখার লক্ষ্যে কাজ করছি। নিউ ইয়র্কবাসীরা বিশ্বের বিভিন্ন শহর, স্টেট, এবং দেশের লক্ষ লক্ষ মানুষের মত এমন সিদ্ধান্ত গ্রহণের মুখোমুখি হয়েছে যা তাদের আগে কখনও করতে হয়নি—এবং হয়ত কখনও করতে হবে বলেও ভাবেনি।

নিউ ইয়র্ক, মেয়র ডি ব্লাসিও (de Blasio) এবং আমি এবিষয়ে সুনিশ্চিত যে আমরা আমাদের স্কুল সিস্টেম যেভাবে জানি সেটায় যেকোন পরিবর্তন হবে একটি চরম পদক্ষেপ—একেবারে শেষ অবলম্বন। নিউ ইয়র্ক সিটিতে এই প্রাদুর্ভাব প্রতিদিন, প্রতি ঘন্টা, প্রতি মিনিট আমরা পর্যবেক্ষণ করছি। গত সপ্তাহান্তে, এটা স্পষ্ট হয়ে গেছে যে, এসময় সাময়িকভাবে আমাদের স্কুল ভবনগুলোতে পড়াশোনা বজায় রাখা সম্ভব নয়।

রবিবার, আমরা ঘোষণা দিয়েছি যে পরবর্তী সাড়ে-তিন সপ্তাহের জন্যে আমরা দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং মডেল ব্যবহার করবো, এবং স্কুল ভবনগুলো 20 এপ্রিল, 2020 তারিখ পুনরায় খোলা হবে বলে প্রত্যাশিত। আমি জানি এটা আকস্মিক মনে হতে পারে, এবং আপনার জীবনে বিঘ্ন সৃষ্টিকারী কারণ হবার সম্ভাবনা রয়েছে। এই পুরো সময় জুড়ে আমরা আপনার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং সুস্পষ্ট যোগাযোগ বজায় রাখতে, এবং কী হবে সেবিষয়ে একটি সুস্পষ্ট ধারণা দিতে আমরা অঙ্গীকারবদ্ধ।

আমাদের আজকের ঘোষণার মানে হচ্ছে যে, সোমবার, 16 মার্চ, স্কুল ভবনগুলো বন্ধ থাকবে এবং শিক্ষার্থীদের জন্যে কোনও সেশন নেই। কিন্তু, শিক্ষার্থী ও পরিবারেরা, মঙ্গলবার থেকে বৃহস্পতিবার, স্কুলের নিয়মিত সময়ে, ঔষধ নিয়ে যেতে অথবা যেকোন সাধারণ স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারবে; স্কুল নার্স এবং স্কুল ভিত্তিক হেলথ সেন্টারের স্টাফগণ সাইটে উপস্থিত থাকবেন। ঐ সময়ে, শিক্ষকগণ তাদের ভবনে রিপোর্ট করবেন এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) সম্পর্কে পূর্ণ-দিবস পেশাদারী উন্নয়ন গ্রহণ করবেন বলে প্রত্যাশা করা হচ্ছে।

সপ্তাহের শেষের দিকে, শিক্ষার্থীরা রিমোট লার্নিংয়ে অংশগ্রহণ করার জন্যে প্রয়োজন অনুযায়ী টেকনোলজি সহ উপকরণ নিয়ে যাওয়া শুরু করবে। পরবর্তী কিছু দিনের মধ্যেই এই সকল বিষয়ে অতিরিক্ত নির্দেশনা প্রদান করা হবে।

পুরো সপ্তাহ জুড়ে, প্রতিটি স্কুল ভবনের প্রবেশমুখে সকাল 7:30 AM - 1:30 PM গ্র্যাব-অ্যান্ড-গো ব্রেকফাস্ট পাওয়া যাবে। যেকোন শিক্ষার্থী যেকোন স্কুল ভবন থেকে ব্রেকফাস্ট এবং লাঞ্চ নিয়ে যেতে পারে।

সোমবার, 23 মার্চ, সিটি জুড়ে আমরা কয়েক ডজন রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার খুলবো, যেগুলো আমাদের সিটির প্রথম সাড়াদানকারী, স্বাস্থ্য সেবা প্রদানকারী, গণপরিবহন কর্মিবৃন্দের ছেলেমেয়েদের জন্যে, এবং আমাদের সবচেয়ে অরক্ষিত জনগণকে পরিষেবা প্রদান করবে।

ঐ সোমবার, আমরা K-12 গ্রেডের জন্যে রিমোট লার্নিং শুরু করবো। নিউ ইয়র্ক সিটির শিক্ষকদের প্রতি আমার পূর্ণ আত্মবিশ্বাস রয়েছে, এবং জানি যে প্রয়োজনের সময় তারা জেগে উঠবে, এবং ক্লাসরুমে যেভাবে গভীর নিবেদনের সাথে শিক্ষা প্রদান করে দূর থেকেও ঠিক একইভাবে শিক্ষা প্রদান করবেন। আমরা জানি আমাদের সবচেয়ে নিবেদিতপ্রাণ স্কুল কর্মীগণ: শিক্ষক, রক্ষণাবেক্ষণকারী (কাস্টোডিয়ান), অ্যাডমিনিস্ট্রেটর রয়েছে, এবং বিশেষভাবে স্কুলের খাদ্য সেবাদানকারী রয়েছে, যারা সিটিব্যাপী মিলস্ (খাবার) প্রোগ্রামের অংশ হিসেবে তাদের কাজ অব্যাহত রাখবেন। ঐ প্রোগ্রাম চালু হবার ব্যাপারে আরো তথ্য শীঘ্রই আসছে।

আমি সুস্পষ্ট করে দিতে চাই যে, এটা সবকিছু বন্ধ করে দেয়া নয়, বরং একটি উত্তরণ। আমাদের শিক্ষার্থীদের জন্যে আমাদের প্রত্যাশা কমাবো না। আমরা জানি, তারা শিখতে উদগ্রীব, এবং আমরা তাদের কৌতুহল ও আবেগ পূরণ করবো বাড়ি থেকে পড়াশোনা করার উপকরণ প্রদান করার মাধ্যমে, এতে রয়েছে আমাদের রিমোট-লার্নিংয়ের নির্দেশনার মডেলের জন্যে সাহায্যকারী ডিভাইস বিতরণ।

প্রতিটি গ্রেডের জন্যে প্রতিটি বিষয়ের জন্যে নির্দেশনামূলক রিসোর্স ইতিমধ্যেই [schools.nyc.gov/learnathome](https://schools.nyc.gov/learnathome) সাইটে রয়েছে।

আমরা জানি এটা একটি কঠিন সময়, এবং আমাদের সিটি যেন যতভাবে সম্ভব পরিবারদের অব্যাহতভাবে সহায়তা করতে পারে তা নিশ্চিত করতে আমরা কঠোর পরিশ্রম করছি। আমি পরিবারদের নিশ্চিত করতে চাই যে, আমরা এই উত্তরণ যতটুকু সমস্যাহীন করা সম্ভব তা করার জন্যে কাজ করে যাচ্ছি।

সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুরক্ষার জন্যে সর্বোচ্চ পদক্ষেপগুলো নিতে সকলের একযোগে কাজ করার এখনই সময়। বিশ্বের শ্রেষ্ঠ শহরের শিক্ষার অংশীদারিত্বে, আমরা আপনার সাথে আছি। আমাদের রয়েছে বিশ্বের সবচেয়ে প্রতিভাবান শিক্ষার্থী, শিক্ষক, এবং স্টাফ—এবং কোনও কিছুই তা বদলে দেবে না।

আমরা আসন্ন দিনগুলোতে আপনার সাথে যোগাযোগ অব্যাহত রাখবো, এবং এই উত্তরণ সম্পর্কে আরো তথ্য এবং আপডেটের জন্যে আমাদের ওয়েবসাইট <https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/coronavirus-update> ভিজিট করতে উৎসাহিত করছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন